

ভেজাল দেওয়া খাদ্যসমূহ: খাদ্য পরিবেশনকারীদের যা জানা প্রয়োজন

ভেজালে ব্যবহৃত বস্তুগুলি হল সেই সব মিশ্রিত সামগ্রী, রং, এবং পদার্থ যেগুলি নিউ ইয়র্ক স্টেট (New York State, NYS)-এর স্বাস্থ্য দপ্তর (Department of Health), নিউ ইয়র্ক রাজ্যের কৃষি ও বাজার বিষয়ক দপ্তর (NYS Department of Agriculture and Markets), মার্কিন যুক্তরাষ্ট্রের খাদ্য ও ওষুধ প্রশাসন (U.S. Food and Drug Administration, FDA) বা মার্কিন যুক্তরাষ্ট্রের কৃষি দপ্তর (U.S. Department of Agriculture) দ্বারা খাদ্য মেশানোর জন্য অনুমোদিত নয়।

খাদ্যে ভেজালের বস্তুগুলি কী কী?

অনেক বস্তুকেই খাদ্যে ভেজালের বস্তু হিসেবে বিবেচনা করা হয়ে থাকে যেগুলিকে খাদ্যে মেশানো যায় না। কয়েকটি উদাহরণ হল:

- অ্যাক্টিভেটেড চারকোল বা এক ধরনের কার্বনকয়লা
- ক্যানাবিনয়েড যেমন ক্যানাবিডিওল (CBD), এবং সেই সব ক্যানাবিজ বা গাঁজা যাতে 0.3%-এর বেশি tetrahydrocannabinol (THC) আছে, সে যে আকারেই থাক না কেন।
 - CBD বা ক্যানাবিজ মিশ্রিত খাদ্য প্রস্তুত করা ও পরিবেশন করার জন্য একটি ব্যবসার অবশ্যই নিউ ইয়র্ক রাজ্যের ক্যানাবিজ নিয়ন্ত্রণ দপ্তর (NYS Office of Cannabis Management, OCM) দ্বারা প্রদত্ত সুনির্দিষ্ট লাইসেন্স থাকতে হবে।
 - খাদ্য পরিবেশনকারী প্রতিষ্ঠানগুলি (Food service establishments, FSEs) সেই সব খাদ্য প্রস্তুত ও পরিবেশন করতে পারে না যেগুলিতে CBD বা ক্যানাবিজ থাকে। FSEs খাদ্যে CBD বা ক্যানাবিজ মেশাতে পারে না।
 - FSEs তাদের বিপণীর মধ্যে CBD বা ক্যানাবিজের সেবন করার অনুমতি দিতে পারে না।
 - এইসব পদার্থ মিশ্রিত খাদ্যগুলি কেবলমাত্র সেই সব ব্যবসায়িক প্রতিষ্ঠানই বিক্রি করতে পারেন যাদের CBD বা ক্যানাবিজ জাতীয় পণ্যগুলি বিক্রির লাইসেন্স দেওয়া হয়েছে। CBD ও ক্যানাবিজ অবশ্যই কোন NYS-অনুমোদিত পরীক্ষাগারে পরীক্ষা করাতে হবে, NYS প্রশাসনের আবশ্যিকতাগুলি মেনে প্যাকেজ ও লেবেল তৈরি করতে হবে এবং সেগুলিকে শুধুমাত্র NYS OCM লাইসেন্স আছে এমন পরিবেশক বা প্রক্রিয়াকরণকারীদের থেকেই নিতে হবে।
- সিন্থেটিক ক্যানাবিনয়েড, যেমন delta-8, আবার delta-8-THC নামেও পরিচিত
- মানব ও প্রাণীদের জন্য তৈরি খাদ্য-সম্পূরকগুলির অন্তর্ভুক্ত করতে হবে মাল্টিমিনারেল, মাল্টিভিটামিন, ভিটামিন, প্রোটিন, মিনারেল, হরমোন সক্রিয়কারক, তৈল সম্পূরক এবং ভেষজ, যেমন Kava Kava
- শুষ্ক বরফ এবং তরল নাইট্রোজেন

- কঠিন শুষ্ক বরফ পরিবেশন করা যাবে না।
- খাদ্য পরিবেশন করার আগে তা থেকে সমস্ত তরল নাইট্রোজেন উবে যেতে দিতে হবে অথবা নিঃসৃত করতে হবে।
- খাদ্য যখন পরিবেশন করা হচ্ছে বা খাওয়া হচ্ছে তখন যদি কুয়াশা বা ধোঁয়া থাকে তাহলে খাদ্য পরিবেশনের আগে তাতে শুষ্ক বরফ বা তরল নাইট্রোজেন যোগ করা যাবে না।
- Kratom (mitragynine এবং 7-hydroxymitragynine)। FDA-এর তরফে kratom-এর কোন অনুমোদিত ব্যবহার নেই এবং তারা উদ্ভিদঘটিত পদার্থ kratom বা তার চিত্তপ্রভাবকারী কোন যোগ আছে এমন লেবেল থাকা কোন খাদ্যপণ্য ব্যবহার করা থেকে উপভোক্তাদের এখনও সতর্ক করে চলেছে।

খাদ্য কোন কোন পদার্থ মেশানো যেতে পারে সে ব্যাপারে আরও তথ্যের জন্য fda.gov/food/food-additives-petitions/food-additive-status-list দেখুন। এই তালিকাটি নিয়মিতভাবে আপডেট করা হয়।

ক্যানাবিনয়েডের লাইসেন্স প্রদান ও NYS OCM সম্পর্কে আরও জানার জন্য cannabis.ny.gov দেখুন।

কোন পদার্থ ভেজালে ব্যবহৃত বস্তু কিনা তা জানা না থাকলে আমার কী করা উচিত?

নিউ ইয়র্ক সিটির স্বাস্থ্য ও মানসিক স্বাস্থ্যবিধি দপ্তর (New York City Department of Health and Mental Hygiene)-এর (NYC স্বাস্থ্য দপ্তর)-এর Office of Food Safety and Community Sanitation (খাদ্য সুরক্ষা ও জনসমাজ পরিচ্ছন্নতা)-এর 646-632-6001 নম্বরে অথবা infobfscs@health.nyc.gov-এ যোগাযোগ করুন।

পরিদর্শন চালানোর সময় NYC স্বাস্থ্য বিভাগ (NYC Health Department) কীভাবে ভেজালে ব্যবহৃত বস্তুগুলিকে পরীক্ষা করে?

পরিদর্শকগণ খাদ্যের উপাদান, খাদ্যের লেবেল এবং পদগুলিতে মেশানো পদার্থগুলি পরীক্ষা করে দেখেন তাতে এমন কোন বস্তু আছে কিনা যা খাদ্যে মেশানোর জন্য অনুমোদিত নয়। কোন পরিদর্শক যদি কোন ভেজাল দেওয়া খাদ্য বা পানীয়ের সন্ধান পান, তাহলে তিনি সেই খাদ্য বা পানীয়টিকে বাতিল করে দেন।

আমি কি আমার FSE-তে ভেজাল মিশ্রিত খাদ্য রাখার কারণে অমাননার বিজ্ঞপ্তি পেতে পারি?

হ্যাঁ। আপনি যদি খাদ্যে ভেজাল দেন বা আপনার FSE-তে যদি ভেজাল দেওয়া খাদ্য থাকে, তাহলে আপনাকে জরিমানা-সাপেক্ষ সমন ও সেই সঙ্গে অমাননার পয়েন্টও দেওয়া হতে পারে, যা আপনার পরবর্তী কালের শ্রেণিকরণের ক্ষেত্রে বিবেচ্য হবে।

ভেজাল মিশ্রিত খাদ্য বা পানীয় বিক্রি করার জন্য আমার প্রতিষ্ঠানটিকে কি বন্ধ করে দেওয়া হতে পারে?

হ্যাঁ। আপনি যদি NYC স্বাস্থ্য দপ্তর এর পরিদর্শকের পরিদর্শনের পরও সেই সব খাদ্য ও পানীয় বাতিল না করেন অথবা ভেজাল মিশ্রিত খাদ্য বা পানীয় বিক্রিজনিত অমান্যতার ঘটনার পুনরাবৃত্তি করেন, তাহলে NYC স্বাস্থ্য দপ্তর আপনার প্রতিষ্ঠানটি বন্ধ করে দিতে পারেন।

আরও তথ্যের জন্য nyc.gov/health দেখুন এবং "adulterated food" (ভেজাল দেওয়া খাদ্যসমূহ) খুঁজুন।

4.23 Bengali